# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৬৮৬

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ উক্ত দু‘আয় আরো কিছু শব্দ বৃদ্ধি করা জায়েয

## ذِكْرُ الْإِبَاحَةِ لِلْمَرْءِ أَنْ يَزِيدَ فِي هَذَا الدُّعَاءِ كَلِمَاتٍ أُخَرَ

আরবী

2686 ـ أَخْبَرَنَا عُمَرُ بْنُ مُحَمَّدٍ الْهَمْدَانِيُّ حَدَّثَنَا عَمْرُو بن عثمان ابن سَعِيدٍ حَدَّثَنا الْوَلِيدُ بْنُ مُسْلِمٍ حَدَّثَنا أَبُو نَوْفَلٍ عَلِيُّ بْنُ سُلَيْمَانَ عَنْ أَبِي إِسْحَاقَ السَّبِيعِيِّ عَنْ عَلِيِّ بْنِ رَبِيعَةَ الْأَسَدِيِّ قَالَ: رَكِبَ عليٌّ دَابَّةً فَقَالَ: بِسْمِ اللَّهِ فَلَمَّا اسْتَوَى عَلَيْهَا قَالَ: الْحَمْدُ لِلَّهِ الَّذِي أَكْرَمَنَا وَحمَلَنَا فِي الْبَرِّ وَالْبَحْرِ وَرزَقَنا مِنَ الطَّيِّبَاتِ وفضَّلَنا عَلَى كَثِيرٍ مِمَّنْ خَلَقَهُ تَفْضِيلًا: {سُبْحَانَ الَّذِي سَخَّرَ لَنَا هَذَا وَمَا كُنَّا لَهُ مُقْرِنِينَ * وَإِنَّا إِلَى رَبِّنَا لَمُنْقَلِبُونَ} [الزخرف: 13] ثُمَّ كَبَّرَ ثَلَاثًا ثُمَّ قَالَ: اللَّهُمَّ اغْفِرْ لِي إِنَّهُ لَا يَغْفِرُ الذُّنُوبَ غَيْرُكَ ثُمَّ قَالَ: فَعَلَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مثل هذا وأنا رِدْفُه.
الراوي : عَلِيّ الْأَسَدِيّ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 2686 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (2342).

বাংলা

২৬৮৬. আলী বিন রাবী‘আহ আল আসাদী রহিমাহুল্লাহ বলেন, “আলী রাদ্বিয়াল্লাহু আনহু বিসমিল্লাহ বলে বাহনে উঠেন। অতঃপর যখন ভালভাবে বসেন, তখন বলেন, الْحَمْدُ لِلَّهِ الَّذِي أَكْرَمَنَا وَحمَلَنَا فِي الْبَرِّ وَالْبَحْرِ وَرزَقَنا مِنَ الطَّيِّبَاتِ وفضَّلَنا عَلَى كَثِيرٍ مِمَّنْ خَلَقَهُ تَفْضِيلًا: {سُبْحَانَ الَّذِي سَخَّرَ لَنَا هَذَا وَمَا كُنَّا لَهُ مُقْرِنِينَ * وَإِنَّا إِلَى رَبِّنَا لَمُنْقَلِبُونَ (সমস্ত প্রশংসা আল্লাহর জন্য, যিনি আমাদেরকে সম্মানিত করেছেন, জলে-স্থলে আরোহন করিয়েছেন, আমাদেরকে পবিত্র জীবিকা দান করেছেন এবং তাঁর অনেক সৃষ্টজীবের উপর আমাদেরকে শ্রেষ্ঠত্ব দান করেছেন।

ঐ সত্তার পবিত্রতা ঘোষনা করছি, যিনি আমাদেরকে এটি বশীভূত করে দিয়েছেন। আমরা অবশ্যই এদের

বশীভূতকারী ছিলাম না। আর নিশ্চয়ই আমরা আমাদের প্রভুর দিকে ফিরে যাবো। –সূরা যখরুফ: ১৩)

তারপর তিনি তিনবার তাকবীর দিয়েছেন। অতঃপর বলেছেন, اللَّهُمَّ اغْفِرْ لِي إِنَّهُ لَا يَغْفِرُ الذُّنُوبَ غَيْرُكَ (হে আল্লাহ, আপনি আমাকে ক্ষমা করে দিন। আপনি ছাড়া আর কেউ গোনাহসমূহ ক্ষমা করতে পারে না)।

তারপর তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামও এরকম করেছেন, সে সময় আমি তাঁর পিছনে আরোহী ছিলাম।”[1]

## ফুটনোট

[1] তিরমিযী: ৩৪৪৬; আবূ দাঊদ: ২৬০২; মুসনাদ আহমাদ: ১/৯৭; আত তায়ালিসী: ১৩২; নাসাঈ: ৭/৪৩৬; হাকিম: ২/৯৯।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ২৩৪২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আলী ইবনু রাবী'আ (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92016

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন